বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৭৪০২৫

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)অংশ-২/লটারি/২০১৮-২০১৯/ ১৪৬৭ তারিখঃ ২৮/০৩/২০১৯খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ প্রফেসর (ডাঃ) ওবায়েদুল্লাহ-ফেরদৌসী ফাউন্ডেশন ক্যান্সার হস্‌পিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট লটারি -২০১৯ এর টিকিট বিক্রয় সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। শীর্ষোক্ত বিষয়ে গত ২৮/০২/২০১৯ তারিখে অত্র বিভাগ থেকে জারীকৃত পত্র নং-১২৬৭ এর মাধ্যমে প্রফেসর (ডাঃ) ওবায়েদুল্লাহ-ফেরদৌসী ফাউন্ডেশন ক্যান্সার হস্‌পিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক দেশের দুস্থ, অসহায় গরীব জনগোষ্ঠির ক্যান্সার আক্রান্ত রোগীদের স্বল্পমূল্যে কিংবা বিনামূল্যে স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও ১০০ শয্যা বিশিষ্ট বিশ্বমানের ক্যান্সার নিরাময় হাসপাতাল নির্মানের উদ্দেশ্যে অত্র ব্যাংকের মাধ্যমে লটারির টিকিট বিক্রয়ের নিমিত্তে ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টিকিট সরবরাহ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগাধীন স্ট্যাম্প প্রশাসন অধিশাখার ২২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ/০৪ ফেব্রুয়ারী, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং-০৮.০০.০০০০.০৪০.৩৪.০১০.১১-১১ এর মাধ্যমে বর্ণিত টিকিট বিক্রয়ের মেয়াদ ০২/০৪/২০১৯ থেকে ২০/০৪/২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করে লটারি ড্র এর তারিখ ১৩/০৪/২০১৯ এর স্থলে আগামী ২৭/০৪/২০১৯ তারিখ পুনঃ নির্ধারণ করা হয়েছে মর্মে প্রফেসর (ডাঃ) ওবায়েদুল্লাহ-ফেরদৌসী ফাউন্ডেশন ক্যান্সার হস্‌পিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক তাদের ২৩/০৩/২০১৯ তারিখের স্মারক নং-ওএফএফসিএইচআই-২০১৯/লটারি-১/০০১৯২ এর মাধ্যমে পুনঃনির্ধারিত সময়ে লটারি টিকিট বিক্রয়ের অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, উক্ত পত্রের মাধ্যমে অনুরোধের প্রেক্ষিতে নিম্নোক্তভাবে পুনঃনির্ধারিত সময়ের মধ্যে লটারি টিকিট বিক্রয়ের কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছেঃ

(ক) শাখা সর্বশেষ ১৭/০৪/২০১৯ তারিখ পর্যন্ত টিকিট বিক্রি করবে এবং দিন শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে শাখার ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১৫ বিকেবি, আঞ্চলিক হিসাবে অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যু করে শাখা কর্তৃক তাদের স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(খ) কর্পোরেট শাখা সর্বশেষ ১৭/০৪/২০১৯ তারিখ শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকার উপর ইস্যু ও প্রেরণ নিশ্চিত করবে।

(গ) অঞ্চলাধীন সকল শাখা থেকে প্রাপ্ত এ্যাডভাইসগুলো একীভূত করে অঞ্চলের প্রধান শাখায় জমা দিয়ে অঞ্চলাধীন শাখার টিকিট বিক্রয়লব্ধ অর্থের ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১১৪ বিকেবি, সাধারণ হিসাবের মাধ্যমে এলপিও এর উপর জারী করে নিম্নোক্ত ছক-ক মোতাবেক মুখ্য অঞ্চল/অঞ্চলের জন্য একটি সমন্বিত প্রতিবেদনসহ ১৭/০৪/২০১৯ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করতে হবে;

(ঘ) কর্পোরেট শাখাসমূহকেও নিম্নে প্রদত্ত ছকে একটি প্রতিবেদন ১৭/০৪/২০১৯ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

মুখ্য অঞ্চল/অঞ্চল/শাখার নাম ঃ ছক-ক

| ক্রঃ নং | টিকিটের সিরিজ নং | বরাদ্দকৃত টিকিটের নং | | বরাদ্দকৃত টিকিটের সংখ্যা | বিক্রিত টিকিটের সংখ্যা | এ্যাডভাইসে উল্লেখিত টাকার পরিমান | অবিক্রিত টিকিটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

F/Amin/LotteryTicket-1

০৪। <u>অবিক্রিত টিকিট ফেরত প্রদান</u> ঃ

অবিক্রিত টিকিট (যদি থাকে) (ক) শাখাসমূহ ১৭/০৪/২০১৯ তারিখের মধ্যে (বিক্রয়লব্ধ অর্থের ক্রেডিট এ্যাডভাইসসহ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা থেকে প্রাপ্ত অবিক্রিত টিকিটসমূহ ১৮/০৪/২০১৯ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (খ) কর্পোরেট শাখাসমূহ সরাসরি তাদের অবিক্রিত টিকিট(যদি থাকে) ১৮/০৪/২০১৯ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (গ) বিভাগীয় কার্যালয় ২২/০৪/২০১৯ তারিখের মধ্যে সকল অবিক্রিত টিকিট স্থানীয় মুখ্য কার্যালয়ে ফেরত প্রদান নিশ্চিত করবে। (ঘ) স্থানীয় মুখ্য কার্যালয় সর্বশেষ ২৫/০৪/২০১৯ তারিখের মধ্যে অবিক্রিত টিকিট এবং টিকিট বিক্রয়লব্ধ অর্থ "সোনালী ব্যাংক লিমিটেড, চলতি হিসাব নং-১৬২৮৭০২০০০৭৫৫, কল্যাণপুর শাখা, ঢাকা শিরোনামে প্রকল্প পরিচালক, প্রফেসর (ডাঃ) ওবায়েদুল্লাহ-ফেরদৌসী ফাউন্ডেশন ক্যান্সার হস্‌পিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, ৪১৩/১, দক্ষিণ পাইকপাড়া (২য় তলা), লেকভিউ রোড, মিরপুর-১২১৬" এই ঠিকানায় প্রেরণ করতে হবে। উক্ত নির্ধারিত তারিখের মধ্যে অবিক্রিত টিকিট ফেরত দেয়া না হলে সরবরাহকৃত সমুদয় টিকিট বিক্রয় হয়েছে বলে গণ্য করা হবে। এছাড়া, বিকেবি ওয়েবসাইটে এতদসংক্রান্ত আপলোডকৃত পত্রের অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৮.০৩.১৯

(মোঃ নিজামুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)/২০১৮-২০১৯/ ১৪৬৭ তারিখঃ ২৮/০৩/২০১৯খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি,ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৭। অধ্যাপক ডাঃ মোল্লা ওবায়েদুল্লাহ বাকী, ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী প্রধান, প্রফেসর (ডাঃ) ওবায়েদুল্লাহ-ফেরদৌসী ফাউন্ডেশন ক্যান্সার হস্‌পিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, ৪১৩/১, দক্ষিণ পাইকপাড়া(২য় তলা), লেকভিউ রোড, মিরপুর-১২১৬।
৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

২৮.০৩.১৯

( মোঃ নিজামুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক